১০২

তারিখ 07 APR 1986
পৃষ্ঠা ১২ কলাম ২

দৈনিক বাংলা

# পঞ্চগড়ে দুটি প্রাথমিক বিদ্যালয় ঃ শিক্ষা বিস্তারে অনুসরণীয় দৃষ্টান্ত

আ স ম শহীদ ঃ পঞ্চগড়।– হিমালয়ের কোলঘেঁষে বাংলাদেশের উত্তর জনপদের হিমশীতল জেলা পঞ্চগড়। এ জেলার বোদা ও আটোয়ারী দুটি অবহেলিত থানা। অভিভাবকদের সচেতনতার অভাব, দারিদ্র্যতা জেলার শিক্ষা বিস্তারে মারাত্মক অন্তরায় সৃষ্টি করেছে। এসব প্রতিকূলতার বিরুদ্ধে সংগ্রাম করে শিক্ষক, অভিভাবক, ম্যানেজিং কমিটি যৌথভাবে বোদা আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়, আটোয়ারী থানাধীন ফকিরগঞ্জ আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষা বিস্তারে অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন করে চলেছে।

জেলা প্রাথমিক শিক্ষা অধিদফতর কর্তৃক আয়োজিত সামাজিক উদ্বুদ্ধকরণ কর্মসূচীর অংশ হিসাবে প্রাথমিক বিদ্যালয়ের সঠিক চিত্র তুলে ধরার জন্য জেলার বোদা থানার বোদা আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয় ও আটোয়ারী থানার ফকিরগঞ্জ আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পরিদর্শকের অন্তর্ভুক্ত ছিল।

বোদা–পঞ্চগড় মহাসড়কের পশ্চিম তীরে মনোরম পরিবেশে বোদা আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়টি অবস্থিত। এ বিদ্যালয়টি ১৯৭৩ সালে স্থাপিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে এ বিদ্যালয়টি পাঠদানের এক বিরল দৃষ্টান্ত স্থাপন করে চলেছে। ফলে এ বিদ্যালয়ে পড়ার প্রতি ছাত্রছাত্রীদের আগ্রহ অনেক বেশী। ১৯৮৬ সালে এটি উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রাথমিক বিদ্যালয়ের সম্মান অর্জন করে। বর্তমানে বিদ্যালয়টি আদর্শ বিদ্যালয়ের প্রকল্পভুক্ত হয়েছে। ১৯৭২ থেকে ১৯৮৪ সাল পর্যন্ত প্রাথমিক বৃত্তি পরীক্ষায়ও বিদ্যালয়ের শিক্ষার্থীরা বিরাট অংশ দখল করে আছে। এ সময়কালের কোন বছরই বিদ্যালয়টির শিক্ষার্থীরা বৃত্তি অর্জনে ব্যর্থ হয়নি। ১৯৮২ সালে সর্বোচ্চ ৯ জন ছাত্রছাত্রী বৃত্তি পেয়েছে। উল্লিখিত সময়কালে ট্যালেন্টপুলে ৬ জন ছাত্র ১০ জন ছাত্রী, সাধারণ গ্রেডে ৩৭ জন ছাত্র ৩২ জন ছাত্রীকে নিয়ে ৪৩ জন ছাত্র ৪২ জন ছাত্রী মোট ৮৫।

বিদ্যালয় এলাকায় জরিপ চালিয়ে দেখা যায়, বিদ্যালয়ে গমনোপযোগী ৪৯১ জন শিশুর মধ্যে ৩১৩ জন অত্র বিদ্যালয়ে ভর্তি হয়েছে। অন্য বিদ্যালয় এলাকা থেকে এ বিদ্যালয়ে ভর্তি হয়েছে ৬২ জন। বিদ্যালয়ের মোট ছাত্রছাত্রীর সংখ্যা ৪৭৫।

বিদ্যালয়ে ছাত্রছাত্রীরা নিজেরা একটি শাকসবজি বাগান করেছে। এ বাগানের মাধ্যমে ছাত্রছাত্রীরা সবুজ শাকসবজির উপকারীতা সম্পর্কে সম্যক ধারণা পাচ্ছে। বিদ্যালয়ে রয়েছে একটি পাকা ল্যাট্রিন। ছাত্রছাত্রীদের চরিত্র গঠনের স্বার্থে বিদ্যালয়ের দেয়ালে মনীষীদের বাণী লিপিবদ্ধ আছে। অফিসে বিভিন্ন মনীষীর বাণী ও মহাপুরুষদের ছবি টাঙানো আছে। এছাড়াও অফিসটি সাজানো হয়েছে। বিভিন্ন তথ্য ও চার্ট দিয়ে ৭৩ সাল থেকে এ পর্যন্ত ৭৪ জন ছাত্রছাত্রী বৃত্তিলাভ করে বিদ্যালয়ের গৌরব বৃদ্ধি করেছে।

বিদ্যালয়ে ২০টি আইটেম নিয়মিত পিটি প্যারেড হয়। এ বিদ্যালয়ে রয়েছে একটি কাব দল। একটি লাইব্রেরী রয়েছে এ বিদ্যালয়ে। কিন্তু বিদ্যালয় গৃহের দৈন্যদশা ছাত্রছাত্রীদের লেখাপড়ার সুস্থ মানসিকতার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। পাকা টিনশেড–এর পরিবর্তে দ্বিতল বিশিষ্ট ভবন নির্মাণের দাবী শিক্ষক-অভিভাবকসহ সকলেই ব্যক্ত করেছেন।

জরিপ চালিয়ে দেখা যায়, আটোয়ারী বিদ্যালয় এলাকায় মোট ছাত্রছাত্রীর সংখ্যা ৪৯৫ জন। এর মধ্যে ৪৬০ জন ছাত্রছাত্রী এ বিদ্যালয়ে ভর্তি হয়েছে। অবশিষ্ট শিক্ষার্থীরা অন্য বিদ্যালয়ে ভর্তি হয়েছে। এছাড়া অন্য শিক্ষা প্রতিষ্ঠানের ৫১ জন শিক্ষার্থীসহ এ বিদ্যালয়ের মোট ছাত্রছাত্রীর সংখ্যা ৫১১।

আটোয়ারী বিদ্যালয়টি ১৯৩২ সালে প্রতিষ্ঠা হয়। পরবর্তীতে ১৯৭৩ সালে প্রাথমিক শিক্ষা জাতীয়করণ কর্মসূচীর আওতায় বিদ্যালয়টি জাতীয়করণ করা হয়। এ বিদ্যালয়টিও আদর্শ বিদ্যালয়ের প্রকল্পভুক্ত হয়েছে। ১৯৭৩–৯৪ পর্যন্ত এ বিদ্যালয় থেকে মোট ৪৯ জন ছাত্রছাত্রী প্রাথমিক বৃত্তিলাভ করেছে।